



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড**  
২ নং অরফানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
[www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০০৩৬

১২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: সভাপতির পদ বাতিল করা বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে**

সূত্র: (১) নং বামাশিবো/প্রশা/224221318221/71893/নথি নং -108 তারিখ: 21-09-2022 খ্রিঃ

(২) শামসুল আলম, সুপার, আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসা-এর অনলাইন অভিযোগ (Application ID: 233231318221), তারিখ: ১৩/০৫/২০২৩খ্রি.

(৩) নং বামাশিবো/প্রশা/224221318221/কক্সবাজার-১০৮/১৪, ১৮/০৫/২০২৩খ্রি.

(৪) স্মারক নং: ০৫.২০.২২১৬.২২২৬.২১.০১.২৩-৭৬৬, তারিখ: ২৭/০৭/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার রামু উপজেলাধীন আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব নুরুল আমিন কোম্পানী কর্তৃক একই পদে একাধিক চাকুরি প্রার্থীদের নিকট থেকে মোটা অংকের উৎকোচ গ্রহণপূর্বক নিয়োগ বাণিজ্যের অপচেষ্টা, ১৪ জন শিক্ষক-কর্মচারীর নিকট ২৮,০০০০০/- (আটাশ লক্ষ টাকা মাত্র) উৎকোচ দাবি করা, উৎকোচ প্রদান না করায় বেতন বিলে স্বাক্ষর না করা, শিক্ষক কর্মচারীদের মানসিক ও শারীরিকভাবে নির্যাতন করাসহ বিভিন্ন বিষয়ে মাদ্রাসার সুপার সূত্রোক্ত ০২ নং স্মারকে একটি অভিযোগ দাখিল করেন। সূত্রোক্ত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার-কে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তের জন্য একটি পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৪নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগ প্রমাণিত হয়েছে।

বর্ণিত অবস্থায় অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতির পদ বাতিল করে কেন পূণরায় নতুন সভাপতি নির্বাচন করা হবে না তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১০-০৯-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

[info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd)

সভাপতি, ম্যানেজিং কমিটি, আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসা, রামু, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০০৩৬/১ (৭)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার;
- ২। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
- ৫। সুপার/ভারপ্রাপ্ত সুপার, আল-গিফারী (র:) আদর্শ দাখিল মাদ্রাসা, রামু, কক্সবাজার;
- ৬। পিও টু চেয়ারম্যান/পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



১০-০৯-২০২৩  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার

সকল সংযুক্তিসমূহ:

- (১) তদন্ত প্রতিবেদন